

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি:
চাঁপাইনবাবগঞ্জ শাখা, চাঁপাইনবাবগঞ্জ।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি:, চাঁপাইনবাবগঞ্জ শাখা, ৪/৫, গোদাগাড়ী রোড (২য় তলা), চাঁপাইনবাবগঞ্জ এর ঋণগ্রহীতা ১। মেসার্স আল মদিনা স্টোর, প্রোপাইটরঃ মোঃ মতিউল ইসলাম, ঠিকানাঃ রিভার ভিউ ভিলা, হাসপাতাল রোড, পো: চাঁপাইনবাবগঞ্জ, থানা ও জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ এবং ২। মেসার্স রিভার ভিউ পোল্ট্রি ফার্ম এন্ড ফিড, প্রোপাইটরঃ মোঃ মতিউল ইসলাম, ঠিকানাঃ রিভার ভিউ ভিলা, হাসপাতাল রোড, পো: চাঁপাইনবাবগঞ্জ, থানা ও জেলাঃ চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তর দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতাদ্বয় মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ১০.১২.২০১৪ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা যথাক্রমে ১,২১,০০,০৭৬.৮৭ (এক কোটি একুশ লক্ষ ছিয়ান্ডর টাকা সাতাশি পয়সা) মাত্র এবং ৫৬,৪২,২২৫.৯৮ (ছাপান্ন লক্ষ বিয়ালিশ হাজার দুই শত পচিশ টাকা আঠানব্বই পয়সা) টাকা, মোট ১,৭৭,৪২,৩০২.৮৫ (এক কোটি সাতাত্তর লক্ষ বিয়ালিশ হাজার তিন শত দুই টাকা পঁচাশি পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য অগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহিত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

- ১। জেলা ও থানা- চাঁপাইনবাবগঞ্জ, জে.এল.নং-১১৮, মৌজা- চরজোতপ্রতাপ, খতিয়ান নং-৬১৯, আর.এ.খতিয়ান নং-১২৫৬, প্রস্তাবিত খতিয়ান নং- ১৯৭৭, ১৯৭৮, ১৯৭৯, এস.এ. দাগ নং- ৭৬১, আর. এস. দাগ নং-১৩১, মোট জমির পরিমাণ ২২.৫০ শতাংশ।
- ২। জেলা ও থানা চাঁপাইনবাবগঞ্জ, জে.এল.নং-২০, মৌজা-চাঁপাই, এস.এ. খতিয়ান নং-১১১, আর. এস. খতিয়ান নং-৫৪, প্রস্তাবিত খতিয়ান নং- ২৩৫, আর. এস. দাগ নং-৬০৮, ৬১০, ৬১৩, ৬১১, মোট জমির পরিমাণ ৩৬৯ শতাংশ।
- ৩। জেলা ও থানা- চাঁপাইনবাবগঞ্জ, জে.এল.নং-১১১, মৌজা- শিবপুর, এস.এ. খতিয়ান নং-৮১, ১৫ ও ৫১, আর.এস. খতিয়ান নং-৪৪, এস.এ. দাগ নং-২৭৬, ২৭৩, ২৭৫, ২৪৩, ২৪৪, ২৪৫, ২৪৬, ২৪৭, ২৫৮, ২২২, ২৭৭, ৩১, ৪৫, ৮৫, আর. এস. দাগ নং-২৬৯, ২৬৬, ২৬৮, ২১১, ২৬৩, ২৬৪, ২৬০, ২৬১, ২৮৫, ২৬৮/২৯৩, ২৭০, ৭৪, ৬৫ ও ৯৩, মোট জমির পরিমাণ ১৭৯৮ শতাংশ।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ১৪.০১.২০১৫ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি: চাঁপাইনবাবগঞ্জ শাখা এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি:, চাঁপাইনবাবগঞ্জ শাখা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাণ্ড বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দরপত্র অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লি:, চাঁপাইনবাবগঞ্জ শাখা, চাঁপাইনবাবগঞ্জ।